চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৫ জানুয়ারি ২০১৮খ্রি.

নৌকার বিজয় নিশ্চিত করতে বিদ্যুৎ শ্রমিকলীগকে ঐক্যবদ্ধভাবে দায়িত্ব পালন করতে হবে

-- --- মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে নৌকার বিজয় নিশ্চিত করতে বিদ্যুৎ শ্রমিকলীগকে ঐক্যবদ্ধভাবে দায়িত্ব পালন করতে হবে। মেয়র বলেন, জননেত্রী শেখ হাসিনার সরকার বিগত সরকারের ৩২শত মেগাওয়াট বিদ্যুৎ থেকে ১৬ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হয়েছে। এ ধারা আগামীতে অব্যাহত থাকবে। ঘরে ঘরে বিদ্যুৎ পৌছে দেয়ার অঙ্গিকার পূর্ণ বাস্তবায়নে আগামী নির্বাচনে আওয়ামীলীগকে রাষ্ট্রিয় ক্ষমতায় পুনরায় অধিষ্টিত হতে হবে। তিনি বলেন, ২০০১ সনের জাতীয় নির্বাচনের অভিজ্ঞতার আলোকে ২০১৮ সনের নির্বাচনকে চ্যালেঞ্জ হিসেবে নিয়ে সকলকে স্ব স্ব অবস্থান থেকে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে।

গত ২১ জানুয়ারি ২০১৮ খ্রি.রবিবার সন্ধ্যায় নগর ভবনের কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে জাতীয় বিদ্যুৎ শ্রমিকলীগ রেজিঃ নং-১৯০২ সিবিএ কেন্দ্রীয় নির্বাহী কমিটির নব নির্বাচিত নেতৃবৃন্দের মতবিনিময় অনুষ্ঠানে মেয়র এসব কথা বলেন। মতবিনিময়ে জাতীয় বিদ্যুৎ শ্রমিকলীগ রেজি নং-বি ১৯০২ এর নব নির্বাচিত কার্যকরী সভাপতি এম এ রহিম, যুগ্ম সম্পাদক আবু জাফর সরকার, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আবদুস সালাম মজুমদার, মো. জসিম উদ্দিন, নগর শ্রমিকলীগের মো. আবু, এস এম জামাল উদ্দিন, এস এম শাহজাহান, মো. কাইয়ুম খান, মো. তসলিম উদ্দিন, মো. নজরুল ইসলাম, আতাউর রহমান খান, ফারুক আজম পাহলবী, কামাল রায়হান, রুহুল আমিন রমজান সহ অন্যরা উপস্থিত ছিলেন। মতবিনিময় শেষে শ্রমিকলীগ নেতৃবৃন্দ মেয়রকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

চট্টগ্রাম- ২৫ জানুয়ারি ২০১৮খ্রি.

পিতা-মাতারা সর্বস্ব বিসর্জন দিয়ে সন্তানের মঙ্গল কামনা করেন
হাতে খড়ি স্কুল এন্ড কলেজে বার্ষিক ক্রীড়া, সাহিত্য-সাংস্কৃতিক ও মেধা পুরস্কার বিতরণ অনুষ্ঠানে

-- --- মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, শিক্ষার্থীদের একমাত্র আশা ভরসার নির্ভরযোগ্য ঠিকানা তাদের পিতা-মাতা। পিতা-মাতারা সর্বস্ব বিসর্জন দিয়ে সন্তানের মঙ্গল কামনা করেন। সন্তান সুশিক্ষায় শিক্ষিত হয়ে আলো

ধারন করে আলোকিত মানুষ হয়ে পিতা-মাতা, পরিবার-পরিজন, সমাজ ও দেশের কল্যানে নিবেদিত হতে হবে। যাদের মধ্যে পিতা-মাতার প্রতি দায়িত্ববোধ নেই তাদের দেশপ্রেমও নেই। নীতি-নৈতিকতা, মানবিক মূল্যবোধ ও দেশপ্রেম বিবর্জিত কোন সন্তান কল্যানে আসে না। মেয়র হাতে খড়ি স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের পাঠদানের পাশা-পাশি নীতি-নৈতিকতা ও মূল্যবোধ সম্পন্ন মানুষ হিসেবে গড়ে উঠার পরামর্শ দেন। তিনি বলেন, খেলাধূলা-সাহিত্য চর্”চা এবং মেধা বিকাশের পাশাপাশি শিক্ষার্থীদের সর্বক্ষেত্রে পারদর্শিতা অর্জন করতে হবে। ২৫ জানুয়ারি ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, সকালে সিডিএ আবাসিক এলাকায় হাতে খড়ি স্কুল এন্ড কলেজ মাঠে অত্র শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক ক্রীড়া, সাহিত্য-সাংস্কৃতিক ও মেধা পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এ সব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অত্র শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি ও ২৭নং ওয়ার্ড কাউন্সিলর এইচ এম সোহেল। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি আলহাজ্ব আলতাফ হোসেন চৌধুরী বাচ্চু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আফরোজা কালাম, আগ্রাবাদ আরাসকা সভাপতি আলহাজ্ব মো. সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক এ বি এম রেজাউল করিম। আলোচনা করেন স্কুল পরিচালনা কমিটির সদস্য মো. আবদুর রহিম চৌধুরী, মো. হাসি উদ্দিন আলম, সামশুদ্দিন, ওমর ফারুক, জেসমিন আক্তার, মাইনুল হক। স্বাগত বক্তব্য রাখেন অত্র শিক্ষা প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নুসরত জাহান। অনুষ্ঠানের শুরুতে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন সহ শিক্ষার্থীদের পরিবেশনায় কুচকাওয়াজ ও সালাম প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মেয়রকে ক্রেস্ট ও ফুল দিয়ে বরণ করা হয়। অনুষ্ঠান শেষে মেয়র বার্ষিক ক্রীড়া, সাহিত্য-সাংস্কৃতিক ও মেধা পুরস্কার বিতরণ করেন।

চট্টগ্রাম- ২৫ জানুয়ারি ২০১৮খ্রি.

মহেষখালের মুখের স্লূইচ গেইট বিষয়ে সিটি কর্পোরেশন, সিডিএ ও পানি উন্নয়ন বোর্ডের যৌথ পরিদর্শন

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ আউটার রিং রোড নির্মাণ করছে। নগরীর প্রায় ৮/১০টি ওয়ার্ডের পানি মহেষখালের মাধ্যমে রিং রোড হয়ে সাগরে পৌছে। ১৯৯১ সনের ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসের পর পানি উন্নয়ন বোর্ডের নির্মিত মহেষখালের মুখের স্লূইচ গেইট থেকে প্রায় ৩০ বর্গফুট দুরে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ স্লূইচ গেইট নির্মাণের কারণে নগরীর জলাবদ্ধতা বহুগুন বেড়ে যাওয়ার আশংখা থেকে পরিত্রানের লক্ষে ২৪ জানুয়ারি ২০১৮ খ্রি. চট্টগ্রাম সিটি কর্পোরেশন, সিডিএ ও পানি উন্নয়ন বোর্ড যৌথ ভাবে স্লূইচ গেইট এলাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালে স্থানীয় কাউন্সিলর আবুল হাসেম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. রফিকুল ইসলাম, সিডিএ’র প্রজেক্ট ডাইরেক্টর সামস, চসিক নির্বাহী প্রকৌশলী অসীম বড়–য়া, বিপ্লব কান্তি দাশ ও পানি উন্নয়ন বোর্ডের এক্সপার্ট ও প্রজেক্ট কনসালটেন্ট সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। নগরীর পানি নিষ্কাষনে বিদ্যমান স্লূইচ গেইট আকারে বড় করে নির্মাণ এবং জোয়ারের পানি নিয়ন্ত্রনে কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য

রিং রোড প্রকল্পের দায়িত্বশীলদের অনুরোধ জানানো হয়। অন্যথায় সৃষ্ট জনদুর্ভোগের কারণে সরকারের ভাবমূর্তি প্রশ্নবিদ্ধ হতে পারে বলে আশংখা ব্যক্ত করা হয়।

চট্টগ্রাম- ২৫ জানুয়ারি ২০১৮খ্রি.

মেরিন সিটি মেডিকেল কলেজ ও হাসপাতালের ৫ম ব্যাচের অরিয়েন্টেশন প্রোগ্রাম উদ্বোধন করেন -মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মেধায় ও বুদ্ধিতে দক্ষ ছাত্ররা মেডিকেল সায়ন্সের উপর অধ্যয়নের সুযোগ পায়। অধ্যয়ন শেষে ডাক্তার হিসেবে তাদের সেবার উপর জনগনের আস্থা ও বিশ্বাস থাকে। একজন মূমূর্ষূ রোগীর আশা ও ভরসার শেষ ঠিকানা ডাক্তার। ডাক্তারের সেবা ও চিকিৎসার উপর রোগী আস্থাশীল হলে সে রোগ থেকে পরিত্রান পেয়ে স্বাভাবিক জীবনে ফিরে আসে। ডাক্তার যদি রোগীর আস্থা অর্জন করতে ব্যর্থ হয় তখন রোগীদের কোন উপায় থাকে না। মেয়র আ জ ম নাছির উদ্দীন মেডিকেল সায়ন্সে অধ্যয়নরত ছাত্রদের মানব সেবায় মানসিকভাবে প্রস্তুতি গ্রহন করে ডাক্তারী শিক্ষায় দক্ষতা অর্জন করার উপর গুরুত্বারোপ করে বলেন, বর্তমান শিক্ষার্থীদের সব বিষয়ে জ্ঞান অর্জনের পাশা-পাশি নীতি-নৈতিকতায় মানবিক মূল্যবোধ সম্পন্ন একজন আলোকিত মানুষ হতে হবে। এর কোন বিকল্প নেই। তিনি আশা করেন, আচার-আচরণ ও সুমধুর ব্যবহারের মাধ্যমে ডাক্তারগণ রোগীদের মন জয় করতে সক্ষম হবেন। সে কারণে শিক্ষা গ্রহনকালিন সময়ে এ বিষয়ে সচেষ্ট হতে হবে। ২৫ জানুয়ারি ২০১৮ খ্রি. সকালে চন্দ্রনগরস্থ মেরিন সিটি মেডিকেল কলেজ ও হাসপাতালের ২০১৭-২০১৮ শিক্ষা বর্ষের প্রথম পর্বের এমবিবিএস ৫ম ব্যাচের অরিয়েন্টেশান প্রোগ্রাম উপলক্ষে অনুষ্ঠিত শিক্ষার্থী সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এ সব কথা বলেন। এ ব্যাচে ৫০ জন শিক্ষার্থী রয়েছে। অরিয়েন্টেশন প্রোগ্রামে সভাপতিত্ব করেন এমসিএমসিএইচ'র অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. মাহতাব উদ্দিন হাসান। এতে বিশেষ অতিথি ছিলেন বিএমএ'র সাবেক সাধারণ সম্পাদক ডা. মো. শরিফ, অত্র শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালক অধ্যাপক ডা. এস এম আশরাফ আলী, উপাধ্যক্ষ অধ্যাপক ডা. মো. শায়খুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক ডা. মো. মনিরুজ্জামান, বিএমএ নেতা ডা. নুর হোসেন ভূইয়া, ডা. রবিউল করিম, ডা. প্রনয় কুমার দত্ত, ডা. কামাল উদ্দিন, ডা. সাজ্জাত মো. ইউসুফ, অধ্যাপক ডা. শিব শঙ্কর সাহা, অধ্যাপক ডা. আকবর হোসেন ভূইয়া, অধ্যাপক ডা. শাহানারা চৌধুরী, ডা. ওয়াজেদ চৌধুরী অভি, ডা. এস এস মাহমুদ, অধ্যাপক ডা. সৈয়দ মো. কাসেম, অধ্যাপক ডা. নজিবুন নাহার, ডা. জাকেয়া সুলতানা বেগম ও ডা. মো. এরশাদুল হক। অনুষ্ঠান শেষে মেয়র শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করেন।

চট্টগ্রাম- ২৫ জানুয়ারি ২০১৮খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্পট লাইসেন্স প্রদান কার্যক্রম অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব আদায়ে গতিশীলতা আনায়নের লক্ষে প্রধান রাজস্ব কর্মকর্তার নেতৃত্বে ৮টি সার্কেলে প্রতিদিন স্পট লাইসেন্স প্রদান কার্যক্রম চলছে। ২৫ জানুয়ারি ২০১৮ খ্রি. ৫নং রাজস্ব সার্কেলের আওতাধীন ওয়ার্ডে ব্যবসায়ীদের কাছে স্পট লাইসেন্স বিতরণ করা হয়। আজ সানমার নাছিরাবাদে ৬১টি নতুন লাইসেন্স এবং ৩৫টি নবায়ন লাইসেন্স মিলে ৯৬টি লাইসেন্স প্রদান করা হয়েছে। এ কর্মসূচির অধীনে লাইসেন্স বাবদ ৩ লক্ষ ৯০হাজার ৪শত ৯৫ টাকা এবং হোল্ডিং ট্যাক্স বাবদ ২ লক্ষ ৫০ হাজার ৬শত টাকা আদায় করা হয়েছে। স্পট লাইসেন্স প্রদান কার্যক্রম পরিচালনা করেন প্রধান রাজস্ব কর্মকর্তা ড.মুহাম্মদ মুস্তাফিজুর রহমান ও ৮নং সার্কেলের কর কর্মকর্তা মো. জানে আলম। এ সময় সংশ্লিষ্ট উপ কর কর্মকর্তা, লাইসেন্স ইন্সপেক্টর ও কর আদায়কারীগণ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা